সংবাদ

Biog.

তারিখ ... 20 MAY 1985 ...
পৃষ্ঠা ... 3 কলাম 6 ...

003

# বিজ্ঞানী মকবুলুর রহমানের ইন্তেকাল

রাজশাহী, ১৯শে মে (নিজস্ব সংবাদদাতার ফোন)।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ফলিত পদার্থ বিদ্যা এবং ইলেকট্রনিকস বিভাগের অধ্যাপক জনাব মকবুলুর রহমান সরকার আজ সকালে তাঁর বাসভবনে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহে — — রাজেউন)। তাঁর বয়স হয়েছিল ৫৭ বছর।

গত মাসের ২৪ তারিখে হৃদরোগে আক্রান্ত হওয়ার পর তাঁকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। গতকাল শনিবার তাঁকে হাসপাতাল থেকে বিশ্ববিদ্যালয় এলাকায় তাঁর বাসভবনে আনা হয়েছিল।

একজন কৃতী বিজ্ঞানী ও স্বনামধন্য শিক্ষাবিদ হিসেবে অধ্যাপক সরকার দেশে ও বিদেশে পরিচিত ছিলেন। ১৯২৮ সালে তিনি রংপুরের সাদুল্লাহপুরে জন্মগ্রহণ করেন। ১৯৫১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিদ্যা বিভাগে যোগদানের মধ্য দিয়ে তাঁর ৩৪ বছরের শিক্ষকতা জীবন শুরু হয়। ১৯৫৮ সালে তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যোগদান করেনএবং ১৯৮১ সালে এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে তিনি লিবিয়ায় মুক্তিযুদ্ধের সমর্থনে বিশ্বজনমত গড়ে তোলার কাজে নিয়োজিত ছিলেন।

তিনি স্ত্রী, এক পুত্র, এক কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। আজ দুপুরে বিশ্ববিদ্যালয় মসজিদে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। তাঁর ইচ্ছে অনুযায়ী লাশ গ্রামের বাড়ীতে দাফন করার জন্যে নিয়ে যাওয়া হয়েছে।

আগামীকাল সোমবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মিলনায়তনে এক শোকসভা অনুষ্ঠিত হবে।

### শোকসভা

আজ সন্ধ্যায় রাজশাহী বিশ্ববিদ্যালয় জুবেরী ভবনে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক মকবুলুর রহমান সরকারের মৃত্যুতে এক শোকসভা অনুষ্ঠিত হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে অনুষ্ঠিত এ শোকসভায় সমিতির সভাপতি ডঃ আবদুল খালেক সভাপতিত্ব করেন।

মরহুমের জীবনের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা করেন অধ্যাপক সদরুদ্দীন আহমদ চৌধুরী, হাসান আজিজুল হক প্রমুখ।